

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৮০১ কোটি টাকার বাজেট অনুমোদন

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর

প্রকাশ: ২৭ জুন, ২০২৬ ১৯:০২



জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৮তম সিনেট অধিবেশন বক্তব্য দিচ্ছেন উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৮তম সিনেট অধিবেশনে  
২০২৬-২০২৭ অর্থবছরের জন্য ৮০১ কোটি ৪ লাখ ৬০  
হাজার টাকার বাজেট অনুমোদন দিয়েছে। মূল বাজেটে  
রাজস্ব আয় ধরা হয়েছে ৬১৭ কোটি ১৩ লাখ ৭৩ হাজার  
টাকা।

ঘাটতি বাজেট ১৮৩ কোটি ৯০ লাখ ৮৭ হাজার টাকা।

এ ছাড়া অধিবেশনে ২০২৫-২০২৬ অর্থবছরের ৬৬৪  
কোটি ৮ লাখ ৪১ হাজার টাকার সংশোধিত বাজেটও  
সর্বসম্মতভাবে অনুমোদন দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. এ টি এম জাফরুল  
আযম এসব বাজেট উপস্থাপন করেন।

জানা গেছে, শনিবার সকাল ১০টায় ভাইস চ্যান্সেলর ও  
সিনেট চেয়ারম্যান প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহর  
সভাপতিত্বে অধিবেশন শুরু হয়।

তিনি বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের মানোন্নয়নে গ্রহীত বিভিন্ন কার্যক্রম তুলে ধরে বলেন, বিশ্ববিদ্যালয়কে যুগোপযোগী ও কর্মমুখী শিক্ষা প্রবর্তনের লক্ষ্যে যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্যসহ ১৫০টিরও বেশি দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয়, গবেষণা সংস্থা ও শিল্প প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে। আন্তর্জাতিক মানের অ্যাপ্রেন্টিস প্রোগ্রাম চালুর মাধ্যমে ৫০ হাজার শিক্ষানবিশ তৈরির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া তৃতীয় ভাষা শিক্ষার সুযোগ সৃষ্টি, এ জন্য মাল্টি ল্যাংগুয়েজ লার্নিং ইনস্টিটিউটের (এমএলএলআই) মাধ্যমে মানদারিন, জাপানিজ, কোরিয়ান, অ্যারাবিক, ইটালিয়ান, স্প্যানিশ ও ফ্রেন্স ভাষা শেখানো, দক্ষতাভিত্তিক ও প্রযুক্তিনির্ভর পাঠ্যক্রম প্রণয়নম, গ্রিন ক্যাম্পাস তৈরির উদ্যোগ গ্রহণ, ৪০ লাখ শিক্ষার্থী আগামী ৫ বছরে ২ কোটি গাছ রোপনের লক্ষ্য নির্ধারণ, স্নাতক পর্যায়ে ইংরেজি ও আইসিটি কোর্স বাধ্যতামূলক, সিলেবাস সংস্কার কার্যক্রম গ্রহণ, শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম আধুনিকীকরণ, নৈতিক ও মানবিক শিক্ষা সম্প্রসারণে ‘লার্নিং উইথ হ্যাপিনেস’

কর্মসূচির আওতায় দেশব্যাপী খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকা-পরিচালনা উত্যাডি।

এছাড়াও তিনি শিক্ষার্থীদের কৃত্রিম বুদ্ধিমত্তা, চতুর্থ শিল্পবিপ্লব, জ্ঞানভিত্তিক অর্থনীতি এবং বৈশ্বিক প্রতিযোগিতার এই যুগে বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব কেবল ডিগ্রি প্রদান নয়, বরং এমন মানবসম্পদ গড়ে তোলার কথা বলেন।

অধিবেশনে সিনেট সদস্য ও পানিসম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ এবং সংসদ সদস্য ইমরান আহমেদ চৌধুরী, ওয়ারেস আলী মামুন, আবুল হোসেন খান ও জি এম সিরাজ, আমন্ত্রিত অতিথি হিসেবে সিল্ডিকেট সদস্য অধ্যাপক ড. এ আই মাহবুব উদ্দিন আহমেদ, বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক উপস্থিত ছিলেন। অনলাইনে যুক্ত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. এহছানুল হক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব

আবদুল খালেক এবং বিভাগীয় কমিশনারবৃন্দ। সিনেট  
অধিবেশনে জাতীয়

এ সময় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো  
ভাইস-চ্যান্সেলর প্রফেসর মো. লুৎফর রহমান ও  
প্রফেসর ড. মোহাম্মদ আলী জিন্নাহ, পিআইবি  
মহাপরিচালক ফারুক ওয়াসিফসহ ৭০জন সিনেট  
সদস্য। এ ছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য,  
আমন্ত্রিত অতিথি, সব ডিন, রেজিস্ট্রার, শিক্ষক ও বিভিন্ন  
দপ্তরের প্রধানরা উপস্থিত ছিলেন।